

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৮৮৩

পরিচ্ছেদঃ মিনায় সালাত কসর করা।

باب مَا جَاءَ فِي تَقْصِيرِ الصَّلاَةِ بِمِنِّي

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا أَبُو الأَحْوَصِ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ حَارِثَةَ بْنِ وَهْب، قَالَ صَلَيْتُ مَعْ النَّبِيِّ صلى الله عليه وسلم بِمِنَى آمَنَ مَا كَانَ النَّاسُ وَأَكْثَرَهُ رَكْعَتَيْنِ . قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ مَسْعُود وَابْنِ عُمَرَ وَأَنسٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ حَارِثَةَ بْنِ وَهْب حَدِيثٌ حَسَنٌ صَحَدِحٌ . وَرُوِيَ عَنِ ابْنِ مَسْعُود أَنَّهُ قَالَ صَلَيْتُ مَعَ النَّبِيِّ صلى الله عليه وسلم حَسَنٌ صَحَدِحٌ . وَرُوِيَ عَنِ ابْنِ مَسْعُود أَنَّهُ قَالَ صَلَيْتُ مَعَ النَّبِيِّ صلى الله عليه وسلم بِمِنَى رَكْعَتَيْنِ صَدْرًا مِنْ إِمَارَتِهِ . وَقَد بِمِنَى رَكْعَتَيْنِ وَمَعَ أَبِي بَكْرٍ وَمَعَ عُمْرَ وَمَعَ عُثْمَانَ رَكُعَتَيْنِ صَدْرًا مِنْ إِمَارَتِهِ . وَقَد اخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ فِي تَقْصِيرِ الصَّلاَةِ بِمِنَى لأَهْلِ مَكَّةَ فَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ لَيْسَ لأَهْلِ الْعِلْمِ لَعْمَلُ وَا الصَّلاَةَ بِمِنَى إِلاَّ مَنْ كَانَ بِمِنَى مُسَافِرًا . وَهُوَ قَوْلُ ابْنِ جُرَيْجٍ وَسُفْيَانَ مَكَّةَ أَنْ يَقْصُرُوا الصَّلاَةَ بِمِنَى إِلاَّ مَنْ كَانَ بِمِنَى مُسُافِرًا . وَهُوَ قَوْلُ ابْنِ جُرَيْجٍ وَسُفْيَانَ الْقُوْرِيِّ وَيَحْيَى بْنِ سَعِيدِ الْقَطَّانِ وَالشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ . وَقَالَ بَعْضَهُمُ لاَ بَأْسَ لأَهُوْرَيِّ وَيَحْيَى بْنِ سَعِيدِ الْقَطَّانِ وَالشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ . وَقَالَ بَعْضَهُمُ لاَ بَأْسَ لأَهُوْرَيِّ وَيَحْيَى بْنِ سَعِيدِ الْقَطَّانِ وَالشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ . وَقَالَ بَعْضُهُمُ لاَ بَأْسَ وَعَبْدِ الرَّحْمَنِ بْنِ مَهْدِي .

বাংলা

৮৮৩. কুতায়বা (রহঃ) হারিসা ইবনু ওয়াহব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে একজন লোক যতটুকু নিরাপত্তায় থাকতে পারে ততটুক নিরাপত্তাকালে এবং সর্বাধিক সংখ্যক লোকসহ মিনায় দু' রাকআত সালাত (নামায/নামাজ) আদায় করেছি। - সহিহ আবু দাউদ ১৭১৪, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৮৮২ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ইবনু মাসউদ, ইবনু উমর ও আনাস (রাঃ) থেকে বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, হারিসা ইবনু ওয়াহব (রাঃ) বর্ণিত হাদিসটি হাসান -সহীহ্। ইবনু মাসউদ (রাঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে মিনায় দু' রাকআত সালাত আদায় করেছি। আবূ বকর, উমার ও উছমানের খিলাফতের প্রথম দিকেও এখানে দু' রাকাত সালাত আদায় করেছি। মক্কাবাসীদের জন্য মিনায় সালাত



কসর করা সম্পর্কে ইমামদের মধ্যে মতবিরোধ রয়েছে। কতক আলিম বলেন, যদি কেউ মিনায় মূসাফির অবস্থায় থাকে তবে সে ছাড়া আর কোন মক্কাবাসী সেখানে কসর করবে না। এ হলো ইবনু জুরায়জ, সুফিয়ান ছাওরী, ইয়াহ্ ইয়া ইবনু সাঈদ আল- কাওান, শাফিঈ, আ□হমাদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত। কতিপয় আলিম বলেন, মক্কাবাসীর জন্য মিনায় কসর করতে কোন অসুবিধা নাই। এ হলো অওয়াঈ, মালিক সুফিয়ান ইবনু উআয়না ও আবদুর রহমান ইবনু মাহদী (রহঃ) -এর অভিমত।

English

Harithah bin Wahb said:

"I prayed two Rak'ah with the Prophet at Mina, and the people were as secure as they ever were, and even more so."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ হারিসাহ ইবনু ওয়াহব (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন